

টাই পরার হুকুম কী?

প্রশ্নঃ

জনৈক আলেম বলেছেন, টাই পরা নাকি হারাম। কথটি কতটুকু ঠিক?

প্রশ্নকারী- সাকিব

উত্তরঃ

যদিও আলেমদের কেউ কেউ বলেছেন, টাই নাসারাদের তথা খ্রিস্টানদের ক্রুশের প্রতীক হওয়ায় মুসলিমদের জন্য তা পরা হারাম, কিন্তু বাস্তবতা হচ্ছে, টাই ক্রুশের প্রতীক হওয়ার বিষয়টি তথ্যপ্রমাণ পুষ্ট নয়। বস্তুত এটি ছিল খ্রিস্টানদের সাধারণ পোশাক। তবে বর্তমানে মুসলিমদের মাঝে ব্যাপক প্রচলনের কারণে নাসারাদের সঙ্গে এর বিশেষত্ব বাকি রয়নি; বরং তা মিশ্র পোশাকে পরিণত হয়েছে। তথাপি এটি যেহেতু নেককারদের পোশাক নয়, অধিকাংশ ফাসিক ফাজিরদের পছন্দ, তাছাড়া এটি এসেছে মূলত বিজাতিদের থেকে, তাই অধিকাংশ আলেমের মতে টাই পরা মাকরুহ ও অপছন্দনীয়। মুসলিমদের উচিত পোশাকশাকসহ সব কিছুতেই ইসলামী স্বাভাবিক বজায় রাখা এবং কাফিরদের প্রতি আকৃষ্ট হওয়া ও তাদের সাদৃশ্য গ্রহণ থেকে বিরত থাকা।

ইবনে উমর রাদিয়াল্লাহু আনহুমা বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

من تشبه بقوم فهو منهم - سنن أبي داود، رقم: 4031؛ ط. دار الرسالة

العالمية، ت: شعيب الأرنؤوط - محمّد كامل قره بللي. قال الراقم: الحديث

سكت عليه ابو داود، وقال الحافظ ابن حجر رحمه الله: أخرجه أبو داود

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ. اهـ -فتح الباري ج: 10، ص: 271؛ ط. دار المعرفة -
بيروت

“যে ব্যক্তি কোনো জাতির সাদৃশ্য অবলম্বন করবে, সে তাদের
দলাভুক্ত।” -সুনানে আবু দাউদ, হাদীস নং ৪০৩১

অন্য হাদীসে এসেছে,

ليس منا من تشبه بغيرنا، لا تشبهوا باليهود ولا بالنصارى - سنن الترمذی،
رقم: 2695؛ ط. شركة مكتبة ومطبعة مصطفى البابي الحلبي - مصر، ت
أحمد شاکر - محمد فؤاد عبد الباقي، قال أبو عيسى (هذا حديث إسناده
ضعيف وروى ابن المبارك هذا الحديث عن ابن لهيعة فلم يرفعه)، وحسنه
الألباني بمتابعاته وشواهده كما في السلسلة الصحيحة رقم 2194.

“যে ব্যক্তি ভিন্ন জাতির সাদৃশ্য অবলম্বন করবে, সে আমাদের দলাভুক্ত
নয়। তোমরা ইহুদিদের সাদৃশ্য অবলম্বন করবে না, নাসারাদেরও না।”

-সুনানে তিরমিযী, হাদীস নং ২৬৯৫

পারস্যে জিহাদরত মুসলিম বাহিনীর প্রতি নির্দেশ দিয়ে উমর রাদিয়াল্লাহু
আনহু বলেন,

وإياكم والتنعيم وزى أهل الشرك - صحيح مسلم، رقم: 5532؛ ط. دار
الجيل بيروت + دار الأفاق الجديدة. بيروت

“তোমরা বিলাসিতা ও মুশরিকদের বেশ-ভূষা থেকে বেঁচে থাকবে।”

-সহীহ মুসলিম, হাদীস নং ৫৫৩২

উল্লেখ্য, টাই রেশমের তৈরি হলে বা তাতে ক্রুশ বা অন্য কোনো প্রাণীর
সুস্পষ্ট ছবি থাকলে তা পরা হারাম।

-ফাতহুল বারী: ১০/২৭৪; ফতোয়া মাহমুদিয়া: ২৭/৪১৪; ফতোয়া
জামিয়াতুল উলুমিল ইসলামিয়া, বিল্লুরি টাউন, করাচি: ফতোয়া নং:
১৪৪২০৫২০০৪১৬, ১৪৩১০১২০০৩০০

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

২৮-১১-১৪৪৩ হি.

২৯-০৬-২০২২ ঈ.

